গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সোনারগাঁ, নারায়ণগঞ্জ

## উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির জানুয়ারি-২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ তৌহিদ এলাহী
উপজেলা নির্বাহী অফিসার
সোনারগাঁ, নারায়ণগঞ্জ

তারিখঃ ১৩ জানুয়ারি, ২০২২; সময়ঃ সকাল- ১০ টা

সভার উপস্থিতি- পরিশিষ্ট "ক" তে সংযুক্ত

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি উপস্থিত সম্মানীত সদস্যগণের নিকট হতে মুক্ত আলোচনার আহবান জানান। সে প্রেক্ষিতে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত হয়।

### বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সেপ্টেম্বর, ২০২১ মাসের সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে সকলে মত প্রকাশ করেন। | উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সেপ্টেম্বর, ২০২১ মাসের সভার কার্যবিবরণী দৃঢ়করণ করতে হবে। | সকল সদস্য |

### সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতিঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ২.০১. জনাব নাজমা আক্তার, উপজেলা মহিলা বিষয়ক অফিসার, সোনারগাঁ, নারায়ণগঞ্জ বলেন যে, সোনারগাঁ উপজেলায় বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে। নব নির্বাচিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সাহেবগণকে তার স্ব স্ব ইউনিয়নে বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন রোধে কাজ করতে হবে। প্রতিটি ইউনিয়নে বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ ওয়ার্ড কমিটির সভা করে কার্যকরি ভূমিকা পালন করতে হবে।<br>এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জনাব মোঃ সাইফুল ইসলাম প্রধান জানান, গার্ডিয়ানরা তাদের মেয়েদের লুকিয়ে লুকিয়ে বিয়ে দিয়ে দিচ্ছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং প্রতিটি ইউনিয়নে বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত ওয়ার্ড কমিটির নিয়মিত সভা করে তার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। উপজেলা মহিলা বিষয়ক অফিসার<br>২। চেয়ারম্যান (সকল) ইউপি |
| ২.০২. সভায় চেয়ারম্যান, কাঁচপুর ইউনিয়ন পরিষদ জনাব মোশারফ হোসেন বলেন, কাঁচপুর বাস স্টান্ডে কয়েকশ অবৈধ দোকান ও বাসের কাউন্টার বসেছে। যার ফলে মহাসড়কে যানজটের সৃষ্টি হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বর্তমানে কিশোর গ্যাং বৃদ্ধি পেয়েছে। চেঙ্গাইন রোডে রাতের বেলায় কয়েকশ বাইক চলাচল করে। এই বাইকগুলো নিয়ন্ত্রণ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তিনি আরও জানান যে, মোশারফ হোসেন স্কুল এন্ড কলেজের সামনে হোটেলগুলোতে প্রায় সময়ই ইভটিজিংয়ের ঘটনা ঘটে থাকে। ইভিটিজিং রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কাঁচপুর বাস স্ট্যান্ডের অবৈধ দোকান ও কাউন্টার উচ্ছেদের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং মোশারফ হোসেন স্কুল এন্ড কলেজের সামনের হোটেল গুলোতে মোবাইল কোর্ট পরিচালনার করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁ<br>২। সহকারী কমিশনার (ভূমি), সোনারগাঁ<br>৩। অফিসার ইনচার্জ সোনারগাঁ থানা |
| ২.০৩। সভায় চেয়ারম্যান, মোগরাপাড়া ইউপি জনাব আরিফ মাসুদ বাবু বলেন মোগরাপাড়া ইউনিয়নের বন্দেরা এলাকায় প্রায় সময়ই গার্মেন্টস এর শ্রমিকদের কাছ থেকে টাকা ও মোবাইল ছিনতাই করে নিয়ে যায়। ছিনতাই বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, সোনারগাঁ থানাকে অনুরোধ জানান। | মোগরাপাড় ইউনিয়নের বন্দেরা এলাকায় ছিনতাই রোধে অভিযান পরিচালনা করতে হবে। | ১। অফিসার ইনচার্জ সোনারগাঁ থানা<br>২। অফিসার ইনচার্জ হাইওয়ে থানা |

CamScanner

| | | |
|---|---|---|
| ২.০৪। চেয়ারম্যান, সনমান্দী ইউপি জনাব জাহিদ হাসান জিন্নাহ বলেন যে, সনমান্দী ইউনিয়নের দড়িকান্দি বাস স্ট্যান্ডে সিএনজি স্ট্যান্ড না থাকায় ড্রাইভাররা হাইওয়েতে সি.এন.জি রাখে। যার ফলে বিভিন্ন সময়ে মহা সড়কে দুর্ঘটনা ঘটে থাকে। বাস স্ট্যান্ডের পাশে একটি সরকারি জমি আছে সেখানে একটি সি. এন. জি স্ট্যান্ড করে দিলে দুর্ঘটনা হ্রাস পাবে। | সনমান্দী ইউনিয়নের দড়িকান্দি বাস স্ট্যান্ডে সিএনজি স্ট্যান্ড করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। সহকারী কমিশনার (ভূমি), সোনারগাঁ<br>২। চেয়ারম্যান সনমান্দী ইউপি |
| ২.০৫। চেয়ারম্যান, জামপুর ইউপি জনাব হুমায়ুন কবির ভূইয়া বলেন যে, তাঁর ইউনিয়নে গ্যাস্টন ব্যাটারী কারখানার দূষিত বর্জ্য কৃষকের ফসলাদী, হাঁস মুরগী ও পুকুরের মাছ নষ্ট করে ফেলছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করলে অনেক অসহায় কৃষক ও গরীব মানুষ আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান। | জামপুর ইউনিয়নের গ্যাস্টন ব্যাটারী কারখানার দূষিত বর্জ্য বন্ধের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও জেলা পরিবেশ অধিদপ্তর অফিসকে অবহিত করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁ<br>২। সহকারী কমিশনার (ভূমি), সোনারগাঁ<br>৩। অফিসার ইনচার্জ সোনারগাঁ থানা |
| ২.০৬। সভায় চেয়ারম্যান, পিরোজপুর ইউপি জনাব ইঞ্জিনিয়ার মাসুদুর রহমান মাসুম বলেন পিরোজপুর ইউনিয়নের মেঘনা লঞ্চঘাটে যাওয়ার পথে কিছু প্রভাবশালী লোক সরকারি রাস্তা দখল করে অবৈধভাবে দোকানপাঠ নির্মাণ করে যানজটের সৃষ্টি করছে। যানজট নিরসনে অবৈধ দোকানপাঠ উচ্ছেদ করার জন্য অনুরোধ জানান। | পিরোজপুর ইউনিয়নের মেঘনাঘাটে যানজট নিরসনে মোবাইলকোর্ট পরিচালনা করতে হবে। | ১। সহকারী কমিশনার (ভূমি), সোনারগাঁ<br>২। অফিসার ইনচার্জ সোনারগাঁ থানা<br>৩। চেয়ারম্যান পিরোজপুর ইউপি |
| ২.০৭। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার জনাব জেসমিন আক্তার বলেন যে, নদীতে অবৈধভাবে অনেক জেলেরা জোপ/জাটা/ বানা দিয়ে ছোট ছোট মাছ শিকার করছে। এ বিষয়ে অভিযান পরিচালনা করা প্রয়োজন। মেঘনা নদীতে অভিযান পরিচালনা করতে গেলে অনেক সময়ই ঝুঁকিতে থাকতে। তাই আইন শৃঙ্খলা বাহিনীর পাশাপাশি সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সাহেবদের সহযোগিতা কামনা করেন। | মেঘনা নদীতে অবৈধভাবে জোপ/জাটা/ বানা দিয়ে মাছ শিকার করার বিষয়ে অভিযান পরিচালনা করতে হবে। | ১। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার<br>২। অফিসার ইনচার্জ সোনারগাঁ থানা<br>৩। চেয়ারম্যান সকল ইউপি |
| ২.০৮। সভায় জনাব মোঃ সজিব রায়হান, আরএমও, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়, সোনারগাঁ বলেন যে, সারা দেশে করোনা ভাইরাসের প্রবনতা বৃদ্ধি পাচ্ছে। ওমিক্রন এর ভয়াবহতা অনেক বেশি হতে পারে। ১৩ ডিসেম্বর থেকে সারা দেশে অর্পিত বিধি নিষেধ সকলকে মেনে চলতে হবে। জনগণকে সচেতন করা, স্বাস্থ্য বিধি মেনে চলা ও ঘরের বাহিরে গেলে অবশ্যই মাস্ক পরিধানের বিষয়ে বহুল প্রচারের জন্য সকল ইউপি চেয়ারম্যান সাহেবদের প্রতি অনুরোধ জানান। | করোনা ভাইরাসের বিস্তার রোধে জনগণকে সচেতন করা, স্বাস্থ্য বিধি মেনে চলা ও ঘরের বাহিরে গেলে মাস্ক পরিধান করার বিষয়ে বহুল প্রচার প্রচারণা করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিস্যার, সোনারগাঁ<br>২। সহকারী কমিশনার (ভূমি), সোনারগাঁ<br>৩। চেয়ারম্যান সকল ইউনিয়ন পরিষদ |
| ২.০৯। সভায় হাজী মোঃ ইসহাক মিয়া বলেন যে, সোনারগাঁ উপজেলার সনমান্দী ইউনিয়নে মাদক প্রবনতা বৃদ্ধির সাথে সাথে মাদকের ডিলার বেড়েছে। মাদকের ডিলারদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করা হলে মাদকের প্রবনতা আরও বৃদ্ধি পাবে। মাদকের ডিলারদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, সোনারগাঁ থানাকে অনুরোধ জানান। | সোনারগাঁ উপজেলায় মাদকের প্রবনতা রোধে মাদকের ডিলারদের বিরুদ্ধে অভিযান পরিচালনা করতে হবে। | অফিসার ইনচার্জ সোনারগাঁ থানা |
| ২.১০। জনাব পনির ভূইয়া, সহ-সভাপতি, সোনারগাঁ উপজেলা প্রেসক্লাব, সোনারগাঁ বলেন যে, সোনারগাঁয়ে পার্শ্ববর্তী উপজেলা আড়াইহাজার ও রুপগঞ্জ থেকে মাদক নিয়ে এসে বিক্রি করে থাকে। বর্ডার এলাকা গুলোতে পুলিশের টহল বৃদ্ধি করা হলে মাদকের প্রবনতা কমে যাবে। তিনি আরও বলেন যে, জামপুর ইউনিয়নে বর্ষাকালে নদীখননের নামে কৃষকের কৃষি জমি থেকে বালু/মাটি উত্তোলন করা হয়েছে। বর্ষা শেষে পানি শুকিয়ে গেলে কৃষকরা তাদের কৃষি জমিতে চাষাবাদ করতে পারছে না। তাই ভবিষ্যতে যেন নদী খননের নামে কোন কৃষকের ফসলী জমি থেকে বালু/মাটি উত্তোলন করতে না পারে সেবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | মাদকের প্রবনতা রোধে সোনারগাঁ উপজেলার বর্ডার এলাকা গুলোতে পুলিশী টহল বৃদ্ধি এবং নদী খননের নামে অবৈধভাবে কৃষকের কৃষি জমি হতে বালি/মাটি উত্তোলন না করতে পারে সে বিষয়ে অভিযান পরিচালনা করতে হবে। | ১। সহকারী কমিশনার (ভূমি), সোনারগাঁ<br>২। অফিসার ইনচার্জ সোনারগাঁ থানা |
| ২.১১। জনাব আবু বক্কর সিদ্দিক, সাধারণ সম্পাদক, সোনারগাঁ প্রেসক্লাব বলেন যে, মোগরাপাড়া চৌরাস্তার দুই পাশেই যানজট লেগে থাকে। যানজট নিরসনে উদ্যোগি ভূমিকা পালন করার জন্য তিনি অনুরোধ জানান। তিনি আরও বলেন যে, মোগরাপাড়া চৌরাস্তায় মানিকের ফুলের দোকান, পানাম দুলালপুর সোনারগাঁ জি. আর. ইনষ্টিটিউশন এর সামনে ইভটেজিং এর ঘটনা ঘটে থাকে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | মোগরাপাড়া চৌরাস্তায় যানজট নিরসনে এবং মোগরাপাড়া চৌরাস্তায় মানিকের ফুলের দোকান ও সোনারগাঁ জি. আর. ইনষ্টিটিউশন এর সামনে ইভটিজিং রোধে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁ<br>২। সহকারী কমিশনার (ভূমি), সোনারগাঁ<br>৩। অফিসার ইনচার্জ সোনারগাঁ থানা |

CamScanner

| | | |
|---|---|---|
| ২.১২. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সোনারগাঁ জনাব মাহমুদা আক্তার বলেন মোগরাপাড়া চৌরাস্তার দুই পাশে যানজট লেগে থাকে। এই যানজটের কারণে মোগরাপাড়া থেকে উপজেলায় আসতে ৩০/৪০ মিনিট সময় লাগে। যানজট নিরসনের বিষয়ে এর আগেও উপজেলা আইন শৃঙ্খলা কমিটির সভায় আলোচনা করা হয়েছিল এবং মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে যানজট নিরসন করা হয়েছিল। কিন্তু কিছু দিন পরই আবার অবৈধ দোকানপাঠ বসে যানজটের সৃষ্টি করে। যানজট নিরসনের বিষয়ে স্থায়ীভাবে পদক্ষেপ গ্রহণ করার জন্য তিনি অনুরোধ জানান। | মোগরাপাড়া চৌরাস্তার উভয় পাশে যানজট নিরসনের বিষয়ে মোবাইলকোর্ট পরিচালনা করতে হবে। | ১। সহকারী কমিশনার (ভূমি), সোনারগাঁ<br>২। অফিসার ইনচার্জ সোনারগাঁ থানা |
| ২.১৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সোনারগাঁ জনাব বাবুল হোসেন সোনারগাঁ উপজেলায় আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক থাকায় উপজেলা প্রশাসন ও পুলিশ বাহিনীকে ধন্যবাদ জানান। তিনি আরও বলেন যে, আইন শৃঙ্খলা কমিটির সভায় যে সকল বিষয় বা সমস্যা গুলো নিয়ে আলোচনা করা হয়েছে সেই বিষয় গুলো দ্রুত বাস্তবায়ন বা সমাধান করার জন্য তিনি অনুরোধ জানান। আলোচ্য বিষয়গুলো বাস্তবায়ন করা হলে উপজেলা আইন শৃঙ্খলা কমিটির সভা স্বার্থক হবে এবং এর গতিশীলতা আরও বৃদ্ধি পাবে। | আইন শৃঙ্খলা কমিটিতে আলোচ্য বিষয়গুলো বা সমস্যাগুলো দ্রুত বাস্তবায়ন বা সমাধান করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁ<br>২। সহকারী কমিশনার (ভূমি), সোনারগাঁ<br>৩। অফিসার ইনচার্জ সোনারগাঁ থানা |
| ২.১৪। সভায় সহকারী কমিশনার (ভূমি), সোনারগাঁ জনাব গোলাম মুস্তাফা মুন্না বলেন সোনারগাঁ উপজেলায় মাদকের প্রবনতা হ্রাস করতে হলে আইন শৃঙ্খলা বাহিনীর পাশাপাশি সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সাহেবদের এগিয়ে আসতে হবে। প্রতিটি ইউনিয়নের চেয়ারম্যান সাহেব তাদের স্ব স্ব ইউনিয়নের মাদক বিক্রেতাদের ও মাদকাসক্তদের নামের তালিকা দিয়ে সহযোগিতা করলে মাদক সম্পূর্ণভাবে নির্মূল করা সম্ভব হবে। তিনি আরও বলেন করোনা ভাইরাসের প্রাদুর্ভাব বৃদ্ধি পাওয়ায় সরকারি নতুন প্রজ্ঞাপন অনুযায়ী সকল ধরনের গণসমাবেশ, সামাজিক অনুষ্ঠান, ওয়াজ মাহফিল বন্ধ থাকবে। এ বিষয়ে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। | মাদকের প্রবনতা হ্রাস করার বিষয়ে আইন শৃঙ্খলা বাহিনীর পাশাপাশি সকল ইউপি চেয়ারম্যান সাহেবদের কার্যকরি ভূমিকা পালন করতে হবে এবং করোনা ভাইরাসের প্রাদুর্ভাব বৃদ্ধি পাওয়ায় সরকারি নতুন প্রজ্ঞাপন অনুযায়ী সকল ধরনের গণসমাবেশ, সামাজিক অনুষ্ঠান, ওয়াজ মাহফিল বন্ধ রাখার বিষয়ে মোবাইলকোর্ট পরিচালনা করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁ<br>২। সহকারী কমিশনার (ভূমি), সোনারগাঁ<br>৩। অফিসার ইনচার্জ সোনারগাঁ থানা<br>৪। চেয়ারম্যান সকল ইউপি |
| ২.১৫। অফিসার ইনচার্জ, সোনারগাঁ থানা জনাব হাফিজুর রহমান বলেন যে, সোনারগাঁয়ে আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশ প্রশাসন দিন রাত পরিশ্রম করে যাচ্ছে। মাদক নিয়ন্ত্রণে সকল চেয়ারম্যান সাহেবদের তথ্য দিয়ে সহযোগিতা করতে হবে। প্রতিটি ইউনিয়নে ওয়ার্ড কমিটি গঠন ও প্রতি মাসে সভা করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সাহেবদের প্রতি অনুরোধ জানান। তিনি আরও বলেন যে, কোন ব্যক্তি নতুন করে অবৈধ দোকানপাঠ নির্মাণ করতে গেলে সাথে সাথে জানালে ঐ অবৈধ দোকান নির্মাণ কাজ বন্ধ করে দেয়া হবে। মোগরাপাড়া চৌরাস্তায় অবৈধ দোকানপাঠ বা স্থাপনার বিষয়ে অনেকবার মোবাইল কোর্টের মাধ্যমে উচ্ছেদ করা হয়েছে কিন্তু কিছু দিন পর আবার দোকানপাঠ বসে যায়। তাই স্থায়ীভাবে যানজট নিরসনের পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>তিনি আরও বলেন যে, মহাসড়কে ছিনতাইয়ের ঘটনা ঘটে থাকে তাই সারা রাত পুলিশি টহল চলমান থাকে। মহাসড়কে লাইট বা সোলার লাইট বসানো হলে ছিনতাই কমে যাবে। তাই সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সাহেবদের তাদের স্ব স্ব ইউনিয়নের মহাসড়কে লাইট বা সোলার লাইট বসানোর জন্য অনুরোধ জানান। | মাদক, ইভটিজিং, অবৈধ দোকানপাঠ উচ্ছেদ ও মহাসড়কে ছিনতাইয়ের এর বিষয়ে নিয়মিত মোবাইলকোর্টের মাধ্যমে অভিযান পরিচালনা করতে হবে।<br>ইউনিয়ন আইন শৃঙ্খলা ও উন্নয়ন কমিটির সভা নিয়মিত করে জনগণকে সচেন করে তুলতে হবে।<br>প্রয়োজনীয় সংখ্যক সোলার লাইট স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁ<br>২। সহকারী কমিশনার (ভূমি), সোনারগাঁ<br>৩। অফিসার ইনচার্জ সোনারগাঁ থানা<br>৪। অফিসার ইনচার্জ হাইওয়ে থানা<br>৫। চেয়ারম্যান সকল ইউপি |
| ২.১৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সোনারগাঁ জনাব মোঃ সামসুল ইসলাম ভূইয়া বলেন যে, সোনারগাঁ উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো আছে। নির্বাচনী পরবর্তী যেন কোন সহিংশতা না ঘটে সে বিষয়ে অফিসার ইনচার্জ, সোনারগাঁ থানাকে অনুরোধ জানান। তিনি আরও বলেন যে, প্রত্যেক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সাহেবদের তাদের স্ব স্ব ইউনিয়নের প্রতিটি গ্রামে গ্রামে পাহারার ব্যবস্থা করতে হবে। শীতের মৌসুমে চুরি, ডাকাতি, ছিনতাইয়ের ঘটনা ঘটে থাকে বেশী। তাই সকলকে সতর্ক থাকতে হবে এবং পাহারার ব্যবস্থা করতে হবে। | আইন শৃঙ্খলা রক্ষার্থে নিয়মিত মোবাইলকোর্টের মাধ্যমে অভিযান পরিচালনা করতে হবে এবং প্রতিটি গ্রামে গ্রামে পাহারার ব্যবস্থা করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁ<br>২। সহকারী কমিশনার (ভূমি), সোনারগাঁ<br>৩। অফিসার ইনচার্জ সোনারগাঁ থানা<br>৪। চেয়ারম্যান সকল ইউপি |

CamScanner

০৬. সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কার্যক্রমঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভাপতি জানান যে, সন্ত্রাস ও জঙ্গীবাদ প্রতিরোধ কমিটি পূর্বের ন্যায় আগামী দিন গুলিতেও জোরালো ভূমিকা রাখবেন। এ ক্ষেত্রে প্রতি ইউনিয়নে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও সদস্যগণ জোরালো ভূমিকা রাখতে পারেন। সন্ত্রাস ও নাশকতা রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, সোনারগাঁ থানাকে অনুরোধ জানান। তিনি বলেন যে, প্রতিটি ইউনিয়নের আইন-শৃঙ্খলা ভাল হলেই সোনারগাঁয়ের আইন-শৃঙ্খলা ভাল হবে। তিনি সকল ইউনিয়ন ও ওয়ার্ডে সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি প্রতিনিয়ত সভা করে সচেতনতা বৃদ্ধি করার বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | আলোচনাক্রমে সকল ইউনিয়ন ও ওয়ার্ডে সন্ত্রাস ও নাশকতা কমিটির নিয়মিত সভা করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২।চেয়ারম্যান, সকল ইউপি |

সভায় কার্যতালিকা অনুযায়ী আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৩/১/২০২২

(তৌহিদ এলাহী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
সোনারগাঁ, নারায়ণগঞ্জ

স্মারক নং ০৫.৪১.৬৭০৪.০০২.১৫.০০৮.২০-৬১ তারিখঃ ১৩/০১/২০২২ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। মাননীয় সংসদ সদস্য-২০৬, নারায়ণগঞ্জ-৩।
২। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৩। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
৪। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।

জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। উপজেলা ----------------------------------------অফিসার, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
২। চেয়ারম্যান -------------------------------ইউনিয়ন (সকল), সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
৩। জনাব -------------------------------------------------------------------

১৩/১/২০২২
(তৌহিদ এলাহী)
উপজেলা নির্বাহী অফিসার
সোনারগাঁ, নারায়ণগঞ্জ

CamScanner

পরিশিষ্ট- "ক"

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দঃ

| | | |
|---|---|---|
| ১. | জনাব তৌহিদ এলাহী, উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | সভাপতি |
| ২. | জনাব গোলাম মুস্তাফা মুন্না, সহকারী কমিশনার (ভূমি), সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ৩. | জনাব হাফিজুর রহমান, অফিসার ইনচার্জ, সোনারগাঁ থানা, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ৪. | জনাব মোঃ মনিরুজ্জামান, অফিসার ইনচার্জ , হাইওয়ে থানা, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ৫. | জনাব আঃ রব, পুলিশ পরিদর্শক, বৈদ্যেরবাজার নৌ-পুলিশ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ৬. | জনাব মোঃ জাকির হোসেন, পুলিশ পরিদর্শক, শিল্পপুলিশ ক্যাম্প, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ৭. | জনাব মোঃ আরিফ মাসুদ, চেয়ারম্যান, মোগরাপাড়া ইউপি, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/ |
| ৮. | জনাব আল আমিন সরকার, চেয়ারম্যান, বৈদ্যেরবাজার ইউপি, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ৯. | জনাব মোঃ হুমায়ন কবির ভূইয়া, চেয়ারম্যান, জামপুর ইউনিয়ন পরিষদ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ১০. | জনাব ইঞ্জিনিয়ার মাসুদুর রহমান মাসুম, পিরোজপুর ইউনিয়ন পরিষদ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ১১. | জনাব সামসুল ইসলাম (সামসু), চেয়ারম্যান, নোয়াগাও ইউনিয়ন পরিষদ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ১২. | জনাব জাহিদ হাসান জিন্নাহ, চেয়ারম্যান, সনমান্দী ইউনিয়ন পরিষদ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ১৩. | জনাব লায়ন বাবুল হোসেন, চেয়ারম্যান , বারদী ইউনিয়ন পরিষদ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/ |
| ১৪. | জনাব মোশারফ হোসেন, চেয়ারম্যান, কাঁচপুর ইউনিয়ন পরিষদ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/ |
| ১৫. | জনাব আলহাজ্ব আঃ রউফ, চেয়ারম্যান, শম্ভুপুরা ইউনিয়ন পরিষদ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ১৬. | জনাব আলহাজ্ব আঃ রশিদ মোল্লা, চেয়ারম্যান, সাদিপুর ইউনিয়ন পরিষদ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ১৭. | জনাব পশাল কুমার সাহা, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, সোনারগাঁ, নারায়ণগঞ্জ | স্বাক্ষরিত/- |
| ১৮. | জনাব দৌলতর রহমান, উপজেলা শিক্ষা অফিসার, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ১৯. | জনাব নাজমা আক্তার, উপজেলা মহিলা বিষয়ক অফিসার, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ২০. | জনাব মোঃ সাইফুল ইসলাম প্রধান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ২১. | জনাব জেসমিন আক্তার, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ২২. | জনাব সাকিবা সুলতানা, উপজেলা সমাজসেবা অফিসার, সোনারগাঁ, নারায়ণগঞ্জ | স্বাক্ষরিত/- |
| ২৩. | জনাব শহিদুজ্জামান রাজু, উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, সোনারগাঁ, নারায়ণগঞ্জ | স্বাক্ষরিত/- |
| ২৪. | জনাব মোস্তাফিজুর রহমান মাসুম, জেলা পরিষদ সদস্য, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ২৫. | জনাব এড. নুরজাহান, জেলা পরিষদ সদস্য, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ২৬. | জনাব আবু বক্কর সিদ্দিক, সাধারণ সম্পাদক, সোনারগাঁ প্রেসক্লাব, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ২৭. | জনাব পনির ভূইয়া, সহ-সভাপতি, উপজেলা প্রেসক্লাব, সোনারগাঁ, নারায়ণগঞ্জ | স্বাক্ষরিত/- |
| ২৮. | জনাব হাজী মো: ইসহাক মিয়া, সাং- সোনারকান্দি, সনমান্দী, সোনারগাঁ। | স্বাক্ষরিত/- |
| ২৯. | জনাব আবু বক্কর সিদ্দিক (বাবুল), সাং- আলমদী, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |
| ৩০. | জনাব জাহেদা আকতার মনি, সংরক্ষিত সদস্য-৪, উপজেলা পরিষদ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত/- |

অনুপস্থিত সদস্যবৃন্দঃ

| | |
|---|---|
| ৩১. | ডি,জি,এম,নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, সোনারগাঁ |
| ৩২. | জনাব আশরাফুজ্জামান অপু, অধ্যক্ষ, সোনারগাঁ সরকারি কলেজ, সোনারগাঁ। |
| ৩৩. | প্রধান শিক্ষক, মোগরাপাড়া সরকারি উচ্চ বিদ্যালয়, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। |
| ৩৪. | জনাব নাজমুল ইসলাম, প্রধান শিক্ষক, তাহেরপুর ইসলামিয়া সিনিয়র মাদ্রাসা, সোনারগাঁ |
| ৩৫. | জনাব মাহফুজুর রহমান কালাম,সাবেক ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ, সোনারগাঁ উপজেলা |
| ৩৬. | জনাব সাবিনা আক্তার, মহিলা সদস্য, মোগরাপাড়া ইউপি, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। |
| ৩৭. | ফিল্ড সুপারফাইজার, ইসলামিক ফাউন্ডেশন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। |

CS CamScanner